### পড়ুয়াদের কেউ খিটখিটে, কেউ হাত পাকাচ্ছে চুরিতে

# মাদকের প্রভাব আচরণে

**প্রণব সূত্রধর**

**আলিপুরদুয়ার, ২৭ অগাস্ট :** মাদকের জাল যত ছড়াচ্ছে, ততই তাতে জড়িয়ে পড়ছে অল্পবয়সিরা। এখন তো মাদক কারবারিদের সহজ টার্গেট স্কুল ও কলেজের পড়ুয়ারা। আর মাদকের নেশার পাল্লায় পড়ে ক্রমশ বিপথগামী হয়ে পড়ছে পড়ুয়ারা। কারও আচরণ বদলে যাচ্ছে, কেউ খিটখিটে হয়ে যাচ্ছে, কারও মনঃসংযোগের ক্ষমতা কমে যাচ্ছে।

সম্প্রতি আলিপুরদুয়ার শহর ও শহর লাগোয়া এলাকা থেকে এমন একাধিক ঘটনার কথা সামনে এসেছে। সবক্ষেত্রেই প্রথমদিকে অভিভাবকরা বুঝতেই পারেননি সন্তানের মাদকাসক্ত হয়ে পড়ার কথা। যখন বুঝেছেন, তখন অনেকটাই দেরি হয়ে গিয়েছে। যেমন জংশন এলাকার এক অভিভাবকের সঙ্গে কথা বলে জানা গেল সেই বাড়ির পড়ুয়ার কাহিনী। মেধাবী সেই মেয়েটির সেবছর মাধ্যমিক দেওয়ার কথা ছিল। হঠাৎ সেই ছাত্রীর আচার-আচরণ বদলে যায়। একসময়কার বাধ্য মেয়ে অভিভাবকদের কথা অগ্রাহ্য করতে শুরু করে। বাড়ির লোকজন কী করবেন বুঝে উঠতে পারছিলেন না। শেষে মনোরোগ বিশেষজ্ঞ চিকিৎসকের দ্বারস্থ হন। তখন জানা যায়, বন্ধুদের সংসর্গে পড়ে সেই ছাত্রীর মাদকাসক্ত হয়ে পড়ার কাহিনী।

ওই জংশন এলাকাতেই এমন উদাহরণ আরও রয়েছে। সেখানকার আরেক ছাত্রী আগে পড়াশোনার পাশাপাশি নাচ করতে আগ্রহী ছিল। জিমে যেতেও ভালোবাসত। জিমেই তার কয়েকজন নতুন বন্ধুবান্ধবী জুটে যায়। তারপর তাদের সঙ্গে দূরদূরান্তে বেড়াতে যাওয়া। বাড়িতে ফেরার সময়সীমা অনিয়মিত হয়ে পড়ে। তখন অভিভাবকদের টনক নড়ে। তারপর জানা যায়, সেই মেয়েটি মাদকাসক্ত হয়ে পড়েছে।

এসব ক্ষেত্রে অভিভাবকরাও কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়ছেন। জংশনের প্রথম ঘটনার ক্ষেত্রে বাবা-মা কাউন্সেলিংয়ের শরণাপন্ন হয়েছিলেন। আর দ্বিতীয় ঘটনায় শেষপর্যন্ত মেয়েকে শহরের বাইরে পড়াশোনার ব্যবস্থা করেন বাবা-মা। কেউ কেউ আবার সন্তানকে হোমে পাঠাচ্ছেন। আলিপুরদুয়ার শহরের কলেজপাড়ার এক পড়ুয়া মাদকাসক্ত হয়ে পড়াশোনা ছেড়ে দিয়েছিল। মাদকের টাকার জন্য বাড়ির লোকজনের উপর অত্যাচার শুরু করেছিল। শেষে বাবা-মা পুলিশের দ্বারস্থ হলে তাকে কিছুদিন নেশামুক্তি হোমে রাখা হয়। তবে হোম থেকে ফিরে আসার পরেও পরিস্থিতি বদলায়নি।

পড়ুয়াদের মধ্যে মাদকের এই রমরমা নিয়ে আলিপুরদুয়ার পুলিশ সুপার ওয়াই রঘুবংশীর কোনও বক্তব্য পাওয়া যায়নি। তবে শিক্ষক মহল কিন্তু উদ্বিগ্ন। অ্যাডভান্স সোসাইটি ফর হেডমাস্টার অ্যান্ড হেডমিস্ট্রেস সংগঠনের আলিপুরদুয়ার জেলা কমিটির সভাপতি মানস ভট্টাচার্য বলেন, 'শহর থেকে গ্রামের স্কুলগুলিতে বিষয়টি নজরে এসেছে। তবে পড়ুয়াদের খেলাধুলো সহ সাংস্কৃতিক বিষয়ে উৎসাহ দেওয়ার জন্য পুলিশের তরফ থেকে উদ্যোগ নেওয়া হয়েছে। স্কুলগুলিতে মাদকবিরোধী প্রচার চলছে।' তাঁর আশা, 'সমাজের বিভিন্ন স্তরের মানুষ বিশেষ করে অভিভাবকরা সচেতন হলে সমস্যা মিটবে।'

তবে বাস্তব বলছে, সমস্যা মেটার বদলে আরও বাড়ছে। গতবছর নিউটাউন এলাকায় ইঞ্জিনিয়ারিংয়ের এক পড়ুয়া দোকানে মোবাইল চুরি করতে গিয়ে ধরা পড়েছিল। মেধাবী সেই পড়ুয়া কেন চুরি করতে গিয়েছিল? এপ্রশ্নের উত্তর খুঁজতে গিয়ে পুলিশ জানতে পারে, সেই মাদকাসক্ত হয়ে পড়ার কথা। মাদক কেনার টাকা জোগাড়েই চুরি। আরেক ছাত্রের বিরুদ্ধে আবার নেশার টাকা জোগাড়ে বাড়ির সোনা গয়না বিক্রির অভিযোগ উঠেছিল।

শহরের একটি স্বেচ্ছাসেবী সংস্থার তরফে রাতুল বিশ্বাস বলেন, 'দিন-দিন পড়ুয়াদের মাদকাসক্ত হয়ে পড়ার বিষয়টি ভাবাচ্ছে। অভিভাবকদেরও সচেতন হতে হবে।'

বিভিন্ন সময় অভিভাবকরা পুলিশ ডেকে পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করেন। ইতিপূর্বে পুলিশ একাধিক মাদকাসক্ত পড়ুয়াকে নেশামুক্তি কেন্দ্রে পাঠিয়েছিল। এছাড়াও নেশামুক্তির বার্তা দিয়ে বিভিন্ন কর্মসূচির আয়োজন করে পুলিশ। সম্প্রতি জেলার বিভিন্ন স্কুলে পড়ুয়াদের মধ্যে মাদকের বিরুদ্ধে সচেতনতার প্রচার করেছে পুলিশ। তারপরেও সমস্যা কমছে না।

### ধোঁয়াশায় পরিবার

**ঘটনা ১**
মাধ্যমিক পরীক্ষার্থী এক মেয়ে মাদকাসক্ত হয়ে পড়ে। তার আচরণ বদলে যায়। খিটখিটে হয়ে পড়ে। বাবা-মা কাউন্সেলারের দ্বারস্থ হন। তখন সত্যি সামনে আসে।

**ঘটনা ২**
এক পড়ুয়া মাদকাসক্ত হয়ে পড়াশোনা ছেড়ে দিয়েছিল। মাদকের টাকার জন্য বাড়ির লোকজনের উপর অত্যাচার শুরু করেছিল। নেশামুক্তি কেন্দ্রে পাঠিয়েও লাভ হয়নি।





> শহর থেকে গ্রামের স্কুলগুলিতে বিষয়টি নজরে এসেছে। তবে পড়ুয়াদের খেলাধুলো সহ সাংস্কৃতিক বিষয়ে উৎসাহ দেওয়ার জন্য পুলিশের তরফ থেকে উদ্যোগ নেওয়া হয়েছে। স্কুলগুলিতে মাদকবিরোধী প্রচার চলছে।
>
> **মানস ভট্টাচার্য**
> *প্রধান শিক্ষক*



পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

**আলো ঝলমলে।।** *জয়গাঁর ভুটানগেটে ছবিটি তুলেছেন অনুপম চৌধুরী।*

# পোর্টালে জ্বরের তথ্য আপলোড হচ্ছে না

**অভিজিৎ ঘোষ**

**আলিপুরদুয়ার, ২৭ অগাস্ট :** কোনও এলাকায় জ্বরের প্রকোপ বাড়ছে, কোথাও আবার মশাবাহিত রোগ হওয়ার সম্ভাবনা রয়েছে। এলাকায় অন্য কোনও রোগ দেখা যাচ্ছে কি না, সেই তথ্য সরাসরি স্বাস্থ্য দপ্তরের অনলাইন পোর্টালে আপডেট করার নিয়ম রয়েছে। বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রের সিএইচও, এএনএম-দের দায়িত্ব থাকে আশাকর্মীদের কাছ থেকে তথ্য নিয়ে পোর্টালে নিয়মিত আপডেট করা। কোন এলাকায় কোন রোগের প্রাদুর্ভাব বাড়ছে, পোর্টালের মাধ্যমে নজর রাখেন ব্লক, জেলা ও রাজ্য স্তরের স্বাস্থ্যকর্তারা। তবে আলিপুরদুয়ার জেলায় বিভিন্ন ব্লক থেকে এই তথ্য পেতে সমস্যায় পড়তে হচ্ছে বলে জানা গিয়েছে।

মূলত কিছু স্বাস্থ্যকর্মী গড়িমসি করে, সময়মতো পোর্টালের জন্য তথ্য দিচ্ছেন না। এজন্য অনেক সময় সঠিক তথ্য পাচ্ছেন না স্বাস্থ্যকর্তারা। নীচুতলার কর্মীদের কাজে ফাঁকি দেওয়া নিয়ে ক্ষোভ জমেছে জেলা স্বাস্থ্যকর্তাদের মধ্যে।

তথ্য না পেলে এলাকায় কোনও রোগ ছড়িয়ে পড়ার ক্ষেত্রে নিয়ন্ত্রণ করা মুশকিল হয়। সমস্যা মেটাতে কড়া অবস্থান নিয়েছেন আলিপুরদুয়ার জেলার স্বাস্থ্যকর্তারা। সময়মতো তথ্য দেওয়ার জন্য ব্লকভিত্তিক বৈঠক করা হচ্ছে। কড়া বার্তা দেওয়া হচ্ছে স্বাস্থ্যকর্মীদের। কীভাবে অনলাইন পোর্টালে তথ্য দিতে হবে, প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। ইতিমধ্যে বেশ কয়েকটি ব্লকে আশাকর্মী, সিএইচও, এএনএম-দের নিয়ে বৈঠক করেছেন জেলার স্বাস্থ্যকর্তারা। সম্প্রতি এই নিয়ে আলিপুরদুয়ার-১ ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাঃ ভাস্কর সেন বলেন,

**গাফিলতির অভিযোগ**
- সিএইচও, এএনএম-দের দায়িত্ব আশাকর্মীদের থেকে তথ্য নিয়ে পোর্টালে নিয়মিত আপডেট করা
- অনেক স্বাস্থ্যকেন্দ্র থেকে নিয়মিত সঠিক তথ্য পাওয়া যাচ্ছে না। সমস্যা হচ্ছে
- কীভাবে অনলাইন পোর্টালে তথ্য দিতে হবে, প্রশিক্ষণ দেওয়া হয়েছে
- কয়েক বছর আগে অনলাইন পোর্টালে তথ্য দেওয়ার নিয়ম শুরু হয়
- অভিযোগ, কয়েকমাস ঠিক তথ্য দেওয়ার পর কয়েকটি এলাকায় ফাঁকিবাজি শুরু হয়

'অনেক স্বাস্থ্যকেন্দ্র থেকে নিয়মিত সঠিক তথ্য পাওয়া যাচ্ছে না। সমস্যা হচ্ছে। সঠিক সময় তথ্য দিতে হবে বলে বৈঠকে বার্তা দেওয়া হয়েছে।'

কুমারগ্রাম ব্লকের স্বাস্থ্য আধিকারিক ডাঃ সৌম্য গাইনের বক্তব্য, 'কোনও সমস্যা হলে তথ্য অনুযায়ী ব্যবস্থা নেওয়া যায়। সমস্যা আন্দাজ করে আগাম প্রস্তুতি নেওয়া সম্ভব। এতে রোগ নিয়ন্ত্রণ করা যায় দ্রুত।' স্বাস্থ্যকর্তারা বলছেন, বর্তমানে জেলায় ডেঙ্গি ও ম্যালেরিয়া দুই রোগই বাড়ছে। ইতিমধ্যে জেলাজুড়ে ম্যালেরিয়ায় ১২৮ জন এবং ডেঙ্গিতে ১০৪ জনের বেশি আক্রান্ত হয়েছেন বলে খবর। আগামী তিন মাসে এই রোগ আরও বাড়বে বলে আশঙ্কা। কোনও এলাকায় জ্বরের রোগী পাওয়া গেলে দ্রুত পোর্টালে তথ্য দেওয়ার ক্ষেত্রে জোর দেওয়া হচ্ছে।

কয়েক বছর আগে অনলাইন পোর্টালে তথ্য দেওয়ার নিয়ম শুরু হয়। অভিযোগ, কয়েকমাস ঠিক করে তথ্য দেওয়ার পর কয়েকটি এলাকায় ফাঁকিবাজি শুরু হয়। আলিপুরদুয়ার-১, ফালাকাটা, কালচিনির মতো ব্লকগুলোয় এই তথ্য দেওয়া নিয়ে গড়িমসির অভিযোগ রয়েছে। এমনকি, গতবছর আলিপুরদুয়ার-২, কুমারগ্রাম ব্লকের ক্ষেত্রেও একই সমস্যা দেখা দেয়। জয়ন্তী, রায়ডাকের মতো এলাকায় হুহু করে ম্যালেরিয়া রোগ ছড়ালেও তা বুঝতে সময় লাগে স্বাস্থ্যকর্তাদের।

তবে কাজে গাফিলতির এই প্রবণতা সব স্তরের নয় বলেও জানাচ্ছে স্বাস্থ্য দপ্তর। ফালাকাটার ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাঃ অতনু ভট্টাচার্যের কথায়, 'যাঁরা তথ্য দেন তাঁদের আরও অনেক দায়িত্ব থাকে। সেজন্য কখনও সময়ে তথ্য দিতে পারা যায় না।'

## গণপতিবন্দনায় নানা আয়োজন

**আলিপুরদুয়ার ব্যুরো**

**২৭ অগাস্ট :** বুধবার ছিল গণেশ চতুর্থী। এদিন উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে জেলার বিভিন্ন এলাকায় গণেশপুজোর আয়োজন করা হয়। বিভিন্ন মণ্ডপে পুজোর পর প্রসাদ বিতরণ, লাড্ডু বিলি, খিচুড়ি খাওয়ানোর ব্যবস্থা করা হয়েছিল।

কালচিনি ব্লকের পুরোনো হাসিমারার পিএইচই ময়দানে জাঁকজমক করে গণেশপুজোর আয়োজন করেছে হাসিমারা ব্রাদার্স। এবছর ওই পুজোর ১১তম বর্ষ। কলসযাত্রার মধ্য দিয়ে এদিন পুজো শুরু হয়। পাঁচদিন ধরে সেখানে পুজো হবে বলে জানিয়েছেন আয়োজক কমিটির সভাপতি সুমিত চৌধুরী। কালচিনির মোদি লাইনেও বড় করে পুজোর আয়োজন করা হয়েছে। সেখানে ৯ দিন ধরে পুজো হবে। এছাড়াও বিচ, মধু চা বাগান সহ একাধিক চা বাগানে গণপতির আরাধনার আয়োজন করা হয়েছে।

এদিন পলাশবাড়ির শিলবাড়িহাট বাজারে গণেশপুজোর আয়োজন করা হয়। বাজারের কলাহাটিতে ব্যবসায়ী সমিতির কার্যালয়ের সামনে পুজো হয়। কয়েক হাজার ব্যবসায়ী এই পুজোয় শামিল হন। পুজোর পর সবাইকে প্রসাদ খাওয়ানো হয় বলে শিলবাড়িহাট ব্যবসায়ী সমিতির সম্পাদক নিখিলকুমার পোদ্দার জানিয়েছেন। আলিপুরদুয়ার-১ ব্লকের বীরপাড়ায় গণেশপুজোর পর বিকেল থেকে প্রসাদ বিতরণ করা হয়। বিকালে মাদারিহাট সর্বজনীন গণেশপুজোর উদ্বোধন করেন বিধায়ক জয়প্রকাশ টোপ্পো। মাদারিহাটের এই পুজোর উদ্যোক্তাদের মধ্যে মিঠুন দাস জানালেন, পুজো চলবে তিনদিন। ভাণ্ডারা সহ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

সকালে শামুকতলায় গণেশপুজো উপলক্ষ্যে শোভাযাত্রা বের করে শামুকতলা হনুমান মন্দির কমিটি। সেই শোভাযাত্রা শামুকতলা পরিক্রমা করে। কলসযাত্রা করে নদীতে গিয়ে জল ভরা হয়। এরপর ১১টি ঢাক বাজিয়ে শোভাযাত্রা করে গণেশ প্রতিমা মন্দিরে নিয়ে আসা হয়। শামুকতলা বাজার হনুমান মন্দিরেই গণেশপুজো হয়। শোভাযাত্রায় মহিলাদের পাশাপাশি কচিকাঁচাদের ভিড় ছিল। পুজো উপলক্ষ্যে কীর্তন এবং ধর্মীয় আলোচনা সহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলে জানিয়েছেন উদ্যোক্তা কমিটির কর্মকর্তা বজরং বুচ্চা।



*পুরোনো হাসিমারার পিএইচই ময়দানে গণেশপুজো। বুধবার। ছবি : সমীর দাস*

# ধুলোয় নাজেহাল মহাকাল চৌপথি

**শামুকতলা, ২৭ অগাস্ট :** ৩১সি জাতীয় সড়কের মহাকাল চৌপথিতে প্রচণ্ড ধুলোর জেরে নাজেহাল হতে হচ্ছে সাধারণ পথচারী, নিত্যযাত্রী থেকে দূরপাল্লার পণ্যবাহী গাড়ির চালকদের। বেশকিছু জায়গায় যেমন পিচের চাদর উঠে গিয়েছে, তেমনই মহাসড়কের কাজ চলার ফলে গোটা এলাকা ঢেকে থাকছে ধুলোয়। ফলে নানান সমস্যায় ভুগছেন এলাকার বাসিন্দারাও। সর্দিকাশি, শ্বাসকষ্টজনিত রোগের প্রকোপে নিয়মিত ভুগতে হচ্ছে তাঁদের। এই নিয়ে ক্ষোভ তৈরি হয়েছে। এলাকাবাসীদের দাবি, অবিলম্বে বেহাল রাস্তা মেরামত করার পাশাপাশি মহাসড়কের যে এলাকায় কাজ হচ্ছে সেখানে নিয়মিত জল দিয়ে ধুলো নিয়ন্ত্রণ করতে হবে।

বাসিন্দারা জানিয়েছেন, নিম্ন অসম, ভুটান, কুমারগ্রাম, কামাখ্যাগুড়ি, বারবিশা, শামুকতলা, হাতিপোঁতা সহ বিশাল এলাকার বাসিন্দাদের আলিপুরদুয়ার জেলা সদর বা অন্য কোনও জায়গায় যেতে হলে মহাকাল চৌপথির ওপর দিয়ে যেতে হয়। ফলে এই রাস্তা দিয়ে নিয়মিত প্রচুর ভারী গাড়ি যাতায়াত করে। প্রতিদিন যাতায়াত করা গাড়ির সংখ্যা কয়েকশো। তার ফলে আরও বাড়ছে বায়ু দূষণ এবং বাতাসে ভাসমান ধূলিকণার পরিমাণ। পরিস্থিতি নিত্যদিন অসহনীয় পর্যায়ে পৌঁছোচ্ছে।

যতদিন না রাস্তার পিচের আস্তরণ মেরামত হবে এবং মহাসড়ক নির্মাণের কাজ শেষ হবে ততদিন অন্তত নিয়মিত রাস্তায় জল ছিটিয়ে সমস্যা নিয়ন্ত্রণ করা সম্ভব বলে এলাকার বাসিন্দাদের পরামর্শ।

**দুর্ভোগ বৃত্তান্ত**
- মহাকাল চৌপথিতে প্রচণ্ড ধুলোর জেরে নাজেহাল শহরবাসী
- সর্দিকাশি, শ্বাসকষ্টজনিত রোগে ভুগছেন স্থানীয়রা
- রুগ্ন সড়কে সমস্যায় পড়ছেন গাড়ির চালকরা
- নিয়মিত জল ছিটিয়ে সমস্যা নিয়ন্ত্রণ করা সম্ভব

স্থানীয় ব্যবসায়ী বিনয় বর্মন বলেন, 'মহাকাল চৌপথির ওপর দিয়ে নিয়মিত প্রচুর গাড়ি যাতায়াত করে। ফলে গোটা এলাকা ধুলোয় ঢেকে যাচ্ছে। এর জন্য পথচারী, নিত্যযাত্রী এবং গাড়ির চালকদের প্রচণ্ড সমস্যায় পড়তে হচ্ছে। এলাকার ব্যবসায়ী এবং বাসিন্দাদের সর্দিকাশির সমস্যায় ভুগতে হচ্ছে নিয়মিত। সমস্যা সমাধানে প্রশাসনিক স্তরে উদ্যোগ নেওয়ার দাবি জানাচ্ছি।'

গাড়িচালক সুবল দাস বলেন, 'মহাকাল চৌপথি এবং সলসলাবাড়ি পেরিয়ে অনেকটা রাস্তায় একই সমস্যায় ভুগতে হচ্ছে আমাদের। দু-বছর ধরে মহাসড়ক নির্মাণের কাজ চলছে। এত ধীরগতিতে কাজ চলার ফলে সমস্যা আরও বাড়ছে। এবড়োখেবড়ো রাস্তায় গাড়িচালকদের সবথেকে বেশি সমস্যায় পড়তে হচ্ছে।'

প্রতিদিন ওই রাস্তা দিয়ে যাতায়াত করেন পেশায় শিক্ষিকা শিখা দেবনাথ। তিনি বলেন, 'প্রতিদিন আলিপুরদুয়ার থেকে শামুকতলায় যেতে হয়। রাস্তার রুগ্নদশা এবং ধুলো প্রচণ্ড সমস্যায় ফেলে দিচ্ছে। অবিলম্বে সমস্যা সমাধানের উদ্যোগ নেওয়া প্রয়োজন।'

এ ব্যাপারে আলিপুরদুয়ার-২'এর বিডিও নিমা শেরিং শেরপা জানান, ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি জানানো হয়েছে। এই সমস্যার সমাধান যাতে দ্রুত হয় সে ব্যাপারে পদক্ষেপ করা হবে।

## বাম আন্দোলন

**বারবিশা, ২৭ অগাস্ট :** বুধবার কুমারগ্রাম ব্লকের ভক্সা বারবিশা-১ গ্রাম পঞ্চায়েতের প্রধানকে স্মারকলিপি দিল সিপিএম। ১০০ দিনের কাজ দ্রুত চালু করা, সেই প্রকল্পের বকেয়া মজুরি প্রদান এবং বছরে ২০০ দিন কাজ ও ৬০০ টাকা দৈনিক হাজিরা প্রদান, ষাটোর্ধ্ব সকল শ্রমিক, কৃষক, খেতমজুরকে ভাতার আওতায় আনা, গ্রাম পঞ্চায়েত এলাকায় সর্বত্র দ্রুত পরিস্রুত পানীয় জল সরবরাহ করা, আবাস যোজনার সুবিধা থেকে প্রকৃত উপভোক্তাদের বঞ্চিত না করা, খাসজমিতে বসবাসকারীদের বৈধ পাট্টা প্রদান, গ্রাম পঞ্চায়েত স্তরে ট্যাক্সের অনলাইন সমস্যার দ্রুত সরলিকরণ, গ্রাম পঞ্চায়েতগুলোতে আইসিডিএস কেন্দ্র এবং উপস্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কাজ দ্রুত সম্পন্ন করার মতো বিভিন্ন দাবি তুলেছেন তাঁরা। দলের ভক্সা বারবিশা এরিয়া কমিটির সম্পাদক মদনচন্দ্র দাস বলেন, 'কৃষক, খেতমজুর থেকে শুরু করে শ্রমজীবী সাধারণ মানুষের স্বার্থরক্ষায় আমরা লড়াই আন্দোলন চালিয়ে যাচ্ছি। কর্মসংস্থানের পক্ষে যেমন সরব হয়েছি তেমনই সরকারি দপ্তরগুলোতে নিয়োগ দুর্নীতির বিরুদ্ধেও রাস্তায় নেমে আন্দোলন করছি। দাবি পূরণে দ্রুত পদক্ষেপ করা না হলে আমরা বড়সড়ো আন্দোলনের পথে হাঁটব।'

গ্রাম পঞ্চায়েতের প্রধান অণিমা রায় বলেন, 'স্মারকলিপি পেয়েছি। এমন একাধিক দাবির উল্লেখ আছে যা গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষের এক্তিয়ারের বাইরে। যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য স্মারকলিপি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠিয়ে দেব।'

## সংবর্ধনা

**কালচিনি, ২৭ অগাস্ট :** বুধবার কালচিনি ব্লক তৃণমূল কংগ্রেসের নতুন সভাপতি পেমা লামা সহ তৃণমূল যুব কংগ্রেসের ব্লক সভাপতি আকাশ হরিজন, তৃণমূল মহিলা ব্লক সভানেত্রী ভারতী মাহালি ও আইএনটিটিইউসির ব্লক সভাপতি আনন্দ চন্দকে সংবর্ধনা দেওয়া হল। কালচিনির একটি ধর্মশালায় আয়োজিত সংবর্ধনা সভায় আলিপুরদুয়ার জেলা পরিষদের সভাধিপতি স্নিগ্ধা শৈব, কালচিনি পঞ্চায়েত সমিতির সভাপতি সাধো লোহার প্রমুখ দলের নব মনোনীত পদাধিকারীদের সংবর্ধনা দেন। সেখানে দলের নতুন ব্লক সভাপতি পেমা লামা তাঁর বক্তৃতায় বলেন, 'আগামী বিধানসভা নির্বাচনে দলকে জেতাতে এখন থেকেই একযোগে কাজ শুরু করতে হবে।'

## অচলাবস্থা

**সোনাপুর, ২৭ অগাস্ট :** গত শনিবার আলিপুরদুয়ার-১ ব্লকের মধ্য পাটকাপাড়ায় এক অঙ্গনওয়াড়ি কেন্দ্রে বিক্ষোভ দেখানো হয়। সেখানে কাজে যোগ দিতে আসা সহায়িকাকে বাধা দিয়ে বিক্ষোভ দেখান অঙ্গনওয়াড়ি কেন্দ্রের জন্য যাঁরা জমি দিয়েছিলেন সেই ভূমিদাতা ও স্থানীয় বাসিন্দারা। ভূমিদাতার বক্তব্য, সেই কেন্দ্রে তাঁর বাড়ির সদস্যকে চাকরি দিতে হবে। বুধবার, সেই ঘটনার চার দিন পরেও এই সমস্যা মিটল না। এদিনও ওই সেন্টার খুলতে বাধা দেন গ্রামের লোকেরা। অন্যদিকে এদিন গ্রামবাসীরা আবার সহায়িকা নিয়োগ নিয়ে মুখ্যমন্ত্রী, মুখ্যসচিব, জেলা শাসক সহ বিভিন্ন আধিকারিককে চিঠি পাঠিয়েছেন পোস্ট অফিস মারফত।

## সভা

**আলিপুরদুয়ার, ২৭ অগাস্ট :** ডিওয়াইএফআই-এর ২০তম পশ্চিমবঙ্গ রাজ্য সম্মেলনের রিপোর্টব্যাক সভা অনুষ্ঠিত হল আলিপুরদুয়ারে। রাজ্য সম্মেলনে কী কী বিষয় উঠে এসেছে তা নিয়ে বিস্তারিত আলোচনা হয় সেখানে। উপস্থিত ছিলেন সংগঠনের কেন্দ্রীয় কমিটির সদস্য বিকাশ ঝা, রাজ্য সম্পাদকমণ্ডলীর সদস্য শ্রীজিব গোস্বামী প্রমুখ।

# মেজবিলে দুর্গাপুজো নিয়ে স্বস্তিতে মহিলারা

এল এল পুজো এল

**পলাশবাড়ি, ২৭ অগাস্ট :** কথায় আছে কারও পৌষমাস তো কারও সর্বনাশ। এখন সেই পরিস্থিতি পলাশবাড়ির উদয়ন ক্লাব, ফ্রেন্ডস ইউনিয়ন ও মেজবিলের পুজোর। নির্মীয়মাণ মহাসড়কের জন্য যেখানে এবার আলিপুরদুয়ার-১ ব্লকের পলাশবাড়িতে ওই দুই ক্লাব দুর্গাপুজো নিয়ে দুশ্চিন্তায় পড়েছে। জায়গার অভাবে এখনও তাদের পুজোর বাজেট ঠিক হয়নি। ফালাকাটার আরও বেশ কিছু এলাকায় জায়গা নিয়ে সমস্যায় পড়েছেন পুজোর উদ্যোক্তারা। তখন মহাসড়ক যেন শাপে বর মেজবিলের ক্ষেত্রে। মেজবিল এলাকায় চার লেনের পাকা রাস্তার কাজ সম্পন্ন হয়ে গিয়েছে। তাই নিশ্চিন্তে মেজবিলের মহিলারা পুজোর প্রস্তুতি শুরু করেছেন। ইতিমধ্যে কয়েক দফায় পুজো নিয়ে মহিলাদের মিটিং হয়েছে। বাজেট ঠিক হয়েছে প্রায় আড়াই লক্ষ টাকা। গোটা মেজবিল এলাকার মানুষের আর্থিক সহযোগিতায় এই পুজো সম্পন্ন হয় বলে জানালেন কোষাধ্যক্ষ সীমা রায়। তাঁর কথায়, 'বারবার আবেদন জানিয়েও আমরা রাজ্য সরকারের অনুদান পাইনি। তাই গতবার থেকে আবেদন করা ছেড়ে দিয়েছি। এলাকাবাসীর চাঁদায় এই পুজো করা হয়।'

সবমিলিয়ে সেখানে পুজো নিয়ে এখনই উৎসবের আমেজ তৈরি হয়েছে। উদ্যোক্তারা জানিয়েছেন, ২০১৯ সালে ফালাকাটা-সলসলাবাড়ি মহাসড়কের কাজ শুরু হয়। তখন থেকেই পুজো নিয়ে সমস্যায় পড়েন সকলে। মেজবিল রাসমেলার মাঠেই পুজো হয়। কিন্তু তখন মাঠের অর্ধেক জায়গাজুড়ে পড়ে থাকত নির্মাণসামগ্রী। রাস্তা ছিল খানাখন্দে ভরা। তার ওপর ধুলো উড়ত। ফলে পুজোর প্যান্ডেল করতে সমস্যা হত। গতবারও ছবিটা এরকমই ছিল। কিন্তু এবার সবার আগে মেজবিল বাসস্ট্যান্ড এলাকাতেই মহাসড়কের কাজ সম্পন্ন হয়। তাতেই স্বস্তিতে এলাকার পুজো উদ্যোক্তারা। মেজবিলে রাসমেলা মাঠের ওই পুজো এবার ১৩তম বর্ষে পা দিল।

পুজো কমিটির সভাপতি গীতারানি সেনের কথায়, '২০১৯ থেকে ২০২৪ সাল পর্যন্ত ৬ বছর আমাদের পুজো করতে সমস্যা হয়েছিল। যদিও পুজো কোনওবার বন্ধ হয়নি। কিন্তু এতদিন প্যান্ডেল করতে অসুবিধার শেষ থাকত না। অনুষ্ঠান মঞ্চ তৈরির ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়িয়েছিল নির্মীয়মাণ মহাসড়ক। তবে এবার পরিস্থিতি বদলেছে।'

> অনুষ্ঠান মঞ্চ তৈরির ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়িয়েছিল নির্মীয়মাণ মহাসড়ক। তবে এবার পরিস্থিতি বদলেছে।
>
> **গীতারানি সেন**
> *পুজো কমিটির সভাপতি*

সেখানে প্রায় তিন কিমি রাস্তায় চার লেনের পাকা কাজ হয়ে গিয়েছে। রাস্তার ধারে কোথাও নির্মাণসামগ্রী নেই। ধুলোর সমস্যাও আপাতত এলাকায় নেই। রাস্তার পাশে মাঠে সবুজ ঘাসে এবার ভালোভাবেই পুজোর মণ্ডপ ও সাংস্কৃতিক অনুষ্ঠান মঞ্চ গড়ে তোলা যাবে বলে কমিটির যুগ্ম সম্পাদক গৌরী মহন্ত ও অঞ্জনা বর্মন জানিয়েছেন।

# পুজোর আগে ফুলকপি ঘরে তোলাই চ্যালেঞ্জ

**সুভাষ বর্মন**

**ফালাকাটা, ২৭ অগাস্ট :** প্রতিবার দুর্গাপুজোর আগেই ফালাকাটা কৃষক বাজারে ফুলকপি এসে যায়। কিন্তু এবার পুজো অনেকটাই এগিয়ে। তার সঙ্গে আবহাওয়ার খামখেয়ালিপনাও চলছে। তাই এবার পুজোর আগে ফুলকপি তোলা সম্ভব হবে কি না, তা নিয়ে কৃষকদের মনে বেশ সংশয় তৈরি হয়েছে। প্রত্যেকবার পুজোর আগে ভালো দামে ফুলকপি বিক্রি করেই কালীপুর, রাইচেঙ্গা, শিশাগোড়, হরিনাথপুর এলাকার কৃষক পরিবারগুলির মুখে হাসি ফোটে। ফুলকপি বিক্রির টাকাই তাদের কাছে পুজোর বোনাস। এবারও কৃষকরা সেই লাভ বজায় রাখার চেষ্টা করছেন। কেউ নির্ধারিত সময়ের তিন সপ্তাহ, আবার কেউ দু'সপ্তাহ আগে খেতে ফুলকপির চারা রোপণ করেছেন। কিন্তু পুজোর আর মাত্র এক মাস বাকি। এদিকে, খেতে চারা লাগানোর পর ফুলকপি তুলতে ৬০ দিন সময় লাগে। তাই পুজোর আগে এবার ফুলকপি বাজারে আনা আদৌ কতটা সম্ভব হবে তা নিয়ে সন্দেহ রয়েই যাচ্ছে।

এদিকে, পুজোর সময় ফালাকাটায় ফুলকপির চাষ যে যথেষ্ট অর্থকরী তা জানে উদ্যানপালন দপ্তর। তাই সম্প্রতি উদ্যানপালন বিভাগের আলিপুরদুয়ারের আধিকারিক দীপক সরকার বেশ কিছু ফুলকপিখেত পরিদর্শন করেন। তাঁর কথায়, 'এবার দুর্গাপুজো কিছুটা এগিয়েছে। কিছু গ্রামে ইতিমধ্যেই ফুলকপির চাষ শুরু হয়েছে। সবাই না পারলেও কেউ কেউ হয়তো পুজোর আগে ফুলকপি বিক্রি করতে পারবেন।' পুরো ফুলকপির চাষে মোট তিন মাস সময় লাগে। তার মধ্যে বীজতলায় সময় লাগে এক মাস। আর চারা গাছ খেতে রোপণ করার পর আরও দু'মাস লাগে। তাই তিন-চার সপ্তাহ আগে যাঁরা চারা রোপণ করেছেন, তাঁদের কেউ কেউ হয়তো পুজোর আগে ফুলকপি বিক্রি করতে পারবেন। তবে সেই সংখ্যাটা কম হবে। বেশিরভাগ এলাকাতেই এক-দু'সপ্তাহ আগে চারা রোপণ করা হয়েছে।



*ফুলকপির চাষ। ফালাকাটার কালীপুরে। - সংবাদচিত্র*

কালীপুরের দুলাল মণ্ডল দুই বিঘা জমিতে ফুলকপির চাষ করেছেন। তাঁর কথায়, 'দু'সপ্তাহ হল চারা লাগিয়েছি। জমির যত্নও নিচ্ছি। কিন্তু তবু মনে হচ্ছে পুজোর আগে ফুলকপি উঠবে না।' আবার হরিনাথপুরের আরেক কৃষক রমেশ সরকার এক মাস আগে ফুলকপির চারা রোপণ করেছিলেন। তাঁর বক্তব্য, 'পুজোর আগে ফুলকপি বিক্রি করতে পারলে বাড়ির সবার জন্য নতুন জামা কিনতে পারব। জমিতে যত্ন করছি, ওষুধ দিচ্ছি। দেখা যাক কী হয়।'

কৃষকদের মতে, এক বিঘা জমিতে ১০ হাজারেরও বেশি ফুলকপির চারা লাগানো হয়। প্রথমদিকে চাষে প্রতিটি ফুলকপি দু'মাসের মধ্যে ২০০ থেকে ২৫০ গ্রাম ওজনের হয়। এক বিঘা ফুলকপির চাষে গড়ে ২৫ হাজার টাকা খরচ হয়। এদিকে আবহাওয়া ও বাজারদর ঠিক থাকলে এক বিঘা জমির ফুলকপি প্রায় ৭০-৮০ হাজার টাকাতেও বিক্রি হয়। দশ বছর আগে কালীপুরে প্রথমে অল্প সংখ্যক কৃষক ফুলকপির চাষ শুরু করেছিলেন। উত্তর থেকে দক্ষিণে বয়ে চলা চরতোর্ষা নদীর তীরেই কালীপুর, আসাম মোড়, বংশীধরপুর, শিশাগোড় এলাকা রয়েছে। ফুলকপি ছাড়াও বাঁধাকপি, বেগুন, লংকা, ঝিঙে, পটল, লাউ সহ সবরকমের সবজির চাষ চলে। বিপণনের জন্য রয়েছে ফালাকাটা কৃষক বাজার।

# আমার শহর



## ছোট্ট তারা

স্টেপিং স্টোন মডেল স্কুলের প্রথম শ্রেণির ছাত্রী সমাদৃতা নন্দী। আবৃত্তি, নাচ আর আঁকায় আগ্রহী এই খুদে। অঙ্কে পারদর্শী সমাদৃতার স্বপ্ন বড় হয়ে শিক্ষিকা হওয়ার।

## গণপতি বাপ্পা মোরিয়া...







*সুপার মার্কেটের ব্যবসায়ী সমিতির গণেশ প্রতিমা। নিউটাউন ব্যবসায়ী সমিতির পুজোয় খুদেরা। (নীচে) আলিপুরদুয়ার টাউন ব্যবসায়ী সমিতির প্রসাদ বিলি।*

# গণেশপুজোয় রিহার্সাল

**দামিনী সাহা**

**আলিপুরদুয়ার, ২৭ অগাস্ট :** সন্ধেবেলা টিউশন শেষে বন্ধুদের সঙ্গে ক্লাস ইলেভেনের ছাত্র দেবাঞ্জন রায় বেরিয়েছিল আলিপুরদুয়ার চৌপথির টাউন ব্যবসায়ী সমিতির গণেশপুজো দেখতে। উদ্দেশ্য একটাই, টাউন ব্যবসায়ী সমিতির আয়োজিত গণেশপুজোর প্রতিমা দর্শন, তার সঙ্গে সুস্বাদু খিচুড়ি প্রসাদ গ্রহণ। বন্ধুদের আড্ডা-হাসিতে ভরে উঠেছিল রাস্তা। কিন্তু হঠাৎই আকাশ কালো করে নেমে এল মুষলধারে বৃষ্টি। তড়িঘড়ি সাইকেল রাস্তার পাশে রেখে দৌড়ে গেল কাছের দোকানের শেডের নীচে। কয়েকজনের জামাকাপড় ভিজে একাকার। দেবাঞ্জনের বন্ধু অয়ন দাস বিরক্ত মুখে বলল, 'আরেকটা টিউশনে যাওয়ার ছিল। এখন তো আর সম্ভব নয়। খিচুড়ির লোভে এসেছিলাম, জ্বরে পড়লে মুশকিল হবে।'

তবে বৃষ্টির দাপটে সাময়িক হলেও পুজোর উচ্ছ্বাস একেবারেই ম্লান হয়নি। বিকেল থেকেই আলিপুরদুয়ারের রাস্তায় মানুষের ঢল নামতে শুরু করেছিল। শহরজুড়ে যেন দুর্গাপুজোর আগমনী আবহ। বিভিন্ন মণ্ডপে প্রসাদ বিতরণ চলছিল, কিন্তু আচমকা বৃষ্টি আসায় অনেকে শেডের নীচে আশ্রয় নেন। শান্তিনগরের সুপর্ণা রায় ছেলেমেয়েদের নিয়ে মণ্ডপে এসেছিলেন। বৃষ্টিতে ভিজে যাওয়ায় তিনি বললেন, 'আগামীকাল আবার আসা যাবে। কিন্তু আজ বেশি ভিজলে অসুখ-বিসুখ হবে।'

এদিন টাউন ব্যবসায়ী সমিতির পুজোমণ্ডপে ভিড় ছিল চোখের পড়ার মতো। করা হয়েছিল প্রায় ১০০ কুইন্টাল খিচুড়ির প্রসাদ।

বিশেষ আকর্ষণ ছিল 'মনস্কামনা বাক্স'। ভক্তরা কাগজকলমে নিজেদের ইচ্ছে লিখে সেই বাক্সে ফেলছিলেন। মাইকে বারবার ঘোষণা হওয়ায় বহু মানুষ কৌতূহল নিয়ে ভিড় জমিয়েছিলেন সেখানে। এদিন টাউন ব্যবসায়ী সমিতির উদ্যোগে প্রায় ১০০ জন ভক্ত অংশ নেন মহাযজ্ঞে। প্রায় দু'ঘণ্টা ধরে মন্ত্রোচ্চারণে মুখরিত হয় পরিবেশ। সন্ধ্যার আরতিতে ঢাকঢোল, শঙ্খধ্বনি আর আলোর ঝলকানিতে তৈরি হয় ভিন্ন আবহ।

শহরের মূল সড়ক ধরে আরও প্রায় দশটি ছোট-বড় মণ্ডপে গণেশপুজোর আয়োজন হয়েছিল। সর্বত্র সকাল থেকেই ভক্তদের ঢল। অনেকেই সকাল থেকে উপোস করে অঞ্জলি দেন।

এই আবহে জমে ওঠে ব্যবসাও। শহরের মিষ্টির দোকানগুলোতে চলছে দেদার বিক্রি। দোকানদাররা জানালেন, লাড্ডুর বিক্রি হয়েছে সবচেয়ে বেশি। বিশেষত ১০০ টাকা দামের বড় লাড্ডুর চাহিদা ছিল আকাশছোঁয়া। শুধু মিষ্টিই নয়, ফুল, ধূপকাঠি থেকে শুরু করে ছোট ছোট খেলনা, প্রদীপ সবকিছুর বাজারেই বিক্রির জোয়ার। স্থানীয় ব্যবসায়ী প্রদীপ আগরওয়াল বললেন, 'প্রতি বছরই গণেশপুজো আমাদের শহরে এক বড় উৎসবের রূপ নেয়। বৃষ্টি কিছুটা সমস্যা তৈরি করলেও মানুষের উচ্ছ্বাসে কোনও ভাটা পড়েনি।'

গণেশপুজোকে ঘিরে আলিপুরদুয়ার শহরে তৈরি হয় এক অনন্য মিলনমেলা। হিন্দু, জৈন, মাড়োয়ারি, বাঙালি সব সম্প্রদায়ের মানুষ সমান ভক্তি সহকারে আনন্দে যোগ দেন। মণ্ডপে শোনা গেল গানবাজনার সুর আর রাস্তাজুড়ে ছিল উৎসবমুখর ভিড়। তরুণ সমাজের অনেকেই মণ্ডপে সেলফি তুলতে ব্যস্ত ছিলেন। সামাজিক মাধ্যমে ছবি-ভিডিও ছড়িয়ে পড়েছে ইতিমধ্যেই।

স্থানীয় দোকানদাররা বলছেন, গণেশপুজো থেকেই আলিপুরদুয়ার শহরে শুরু হয়ে গেল দুর্গাপুজোর আবহ। এদিন শহরের জামাকাপড়, জুতো থেকে শুরু করে বিভিন্ন গৃহসামগ্রীর দোকানেও ভিড় চোখে পড়েছে। দোকানদারদের দাবি, অনেকে এসেছিলেন বাজার ঘুরে দেখতে কোথায় কী নতুন জিনিস এসেছে, দাম কতটা, আর কোন দোকানে বৈচিত্র্যময় স্টক পাওয়া যায় তা বোঝার জন্য। এক ক্রেতা পিয়ালি বসুর কথায়, 'গণেশপুজোর ভিড়েই মনে হচ্ছিল পুজো এসে গিয়েছে। আমরা আজ কিছু জামাকাপড় পছন্দ করে রাখলাম, আসলে পুজোর তো অনেকটা দেরি আছে এখনও তাই পরে কিনব। আজকে শুধু দেখে নেওয়া হল কোথায় কী পাওয়া যাচ্ছে।'

এদিন সন্ধ্যার বৃষ্টি ভিজিয়েছিল কাপড়, থামিয়েছিল গতি কিন্তু উচ্ছ্বাস থামাতে পারেনি। খিচুড়ির সুগন্ধ, লাড্ডুর চাহিদা, যজ্ঞের ধোঁয়া আর ভক্তির আবহ মিলে আলিপুরদুয়ারের গণেশপুজো যেন এক মহা উৎসবের চেহারা পেল। শহরের মানুষ বলছেন, দুর্গাপুজোর আগে এই গণেশপুজোই তাঁদের জন্য 'উৎসবের রিহার্সাল।'

## নয়বার টেন্ডারের পর কাজ হবে

# ৯০ লক্ষে আলোকিত শহর

**ভাস্কর শর্মা**

**ফালাকাটা, ২৭ অগাস্ট :** একবার-দু'বার নয়! পরপর নয়বার গ্রিন সিটি মিশনের কাজের টেন্ডার আহ্বান করেছিল ফালাকাটা পুরসভা। কিন্তু প্রতিবারই নানা কারণে তা বাতিল হয়। কখনও টেন্ডারে কেউ অংশ নেয়নি তো কখনও বা টেকনিকাল কারণ দেখিয়েও টেন্ডার বাতিল হয়ে যায়। কিন্তু হাল ছাড়তে রাজি ছিল না পুরসভা। এবার তাই নয়ের পর ১০ বারে সফলভাবে টেন্ডার দিতে পেরেছে পুরসভা। এমনকি হয়েছে ওয়ার্ক অর্ডারও। তাই শেষমেশ পুজোর আগেই এবার গ্রিন সিটি মিশনের টাকায় আলোকিত হবে পুর শহর।

পুরসভার চেয়ারম্যান প্রদীপ মুহুরি বলেন, 'বহু চেষ্টার পর আমরা গ্রিন সিটি মিশনের কাজের বরাত দিতে পেরেছি। প্রায় ৯০ লক্ষ টাকায় শহর আলোকিত করা হবে। পুজোর আগেই এই কাজ শেষ করা হবে। পরবর্তী ধাপে শহর আলোকিত করতে আবার টেন্ডার করা হবে।'

পুরসভা সূত্রে জানা গিয়েছে, পুর এলাকার বিভিন্ন জায়গায় মোট ২৫০টি নতুন বিদ্যুতের পোল বসানো হবে। এছাড়াও শহরের গুরুত্বপূর্ণ মোড়ে মোট ৫টি হাইমাস্ট টাওয়ার, ১০টি লোমাস্ট টাওয়ারও বসানো হবে। সব টাওয়ার এবং পোলগুলিতেই উচ্চক্ষমতাসম্পন্ন বাতি লাগানো হবে। শহরজুড়ে বসানো প্রায় ১৪৫০টি পোলে ৪৬ ওয়াটের এলইডি বালব লাগানো হবে। পুরসভা কর্তৃপক্ষ জানিয়েছে, পুরোনো পোলগুলির যেখানে বাতিগুলি নষ্ট হয়ে গিয়েছে সেখানেও নতুন বাতি লাগানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এর জন্য পোলগুলিতে প্রায় ৩৫ ওয়াটের এলইডি বালব লাগানো হবে।



*ফালাকাটা শহরের এমন রাস্তাতেই বসানো হবে পথবাতি। -সংবাদচিত্র*

এর আগে ফালাকাটাকে ঝলমলে আলোকিত করতে উদ্যোগ নিয়েছিল পুরসভা। এর জন্য প্রায় তিন বছর আগে গ্রিন সিটি মিশন প্রকল্পে ১ কোটি ৪০ লক্ষ টাকা বরাদ্দও পেয়েছিল পুরসভা। টাকা হাতে পেয়েই টেন্ডার ডাকে পুরসভা। কিন্তু প্রথম দিকে ওই টেন্ডারে নির্দিষ্ট সংখ্যক সংস্থা অংশ নেয়নি। তাই প্রথমবার টেন্ডার বাতিল হয়ে যায়। ফের দ্বিতীয় বারের জন্য দরপত্র ডাকে পুরসভা। কিন্তু সেবারও নির্দিষ্ট সংখ্যক সংস্থা টেন্ডারে অংশ নেয়নি। তাই রাজ্য থেকে ওই টেন্ডারও বাতিল করে দেওয়া হয়। এরপর কয়েক দফায় টেন্ডার ডাকা হয়। কিন্তু কাজ না হওয়ায় একটা সময় বরাদ্দ অর্থ ফেরত যাওয়ার কথা হয়েছিল। কিন্তু পুর চেয়ারম্যান ফের ফাইল নিয়ে কলকাতায় যান। এমনকি তিনি রাজ্যের পুর দপ্তরের সঙ্গে কথা বলে আবার টেন্ডার ডাকার সিদ্ধান্ত নেন। আর এতেই মেলে সাফল্য। এবার কাজ শুরু হতে চলায় খুশি খোদ কাউন্সিলাররাও। পুরসভার ১৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার অভিজিৎ রায় বলেন, 'আমরা পুরবোর্ডে আসার পরেই শহরবাসীকে গ্রিন সিটি মিশন প্রকল্পে আলোর ব্যবস্থার কথা বলেছিলাম। এতদিন প্রকল্পটির কাজ শুরু না হওয়ায় আমাদেরও নানা কথা শুনতে হত। অবশেষে শহর আলোকিত করার কাজ শুরু হতে চলেছে। এতে আমাদের পাশাপাশি সাধারণ মানুষও খুশি।'

শহরের প্রবীণ বাসিন্দা সুনীল দাসের কথায়, রাতবিরেতে অনেক কাজেই বাইরে বের হতে হয়। কিন্তু রাস্তায় দেখি আলো জ্বলে না। তবে এবার আশা করছি পুজোর আগে শহরে আলো জ্বলবে।'

### নানা কারণে বাতিল

- প্রতিবারই নানা কারণে বাতিল হয় টেন্ডার
- কখনও টেন্ডারে কেউ অংশ নেয়নি তো কখনও বা টেকনিকাল কারণ দেখিয়েও টেন্ডার বাতিল হয়ে যায়
- নয়ের পর দশবারে সফলভাবে টেন্ডার দিতে পেরেছে পুরসভা
- পুর এলাকার বিভিন্ন জায়গায় মোট ২৫০টি নতুন বিদ্যুতের পোল বসানো হবে
- এছাড়াও শহরের গুরুত্বপূর্ণ মোড়ে মোট ৫টি হাইমাস্ট টাওয়ার, ১০টি লোমাস্ট টাওয়ারও বসানো হবে

# পদ খুইয়ে সক্রিয় শান্তনু

**আলিপুরদুয়ার, ২৭ অগাস্ট :** সদ্য আলিপুরদুয়ার জেলা কংগ্রেসের সভাপতির পদ খুইয়েছেন শান্তনু দেবনাথ। কিন্তু পদ খুইয়েও রাজনৈতিক ও সামজিক কর্মকাণ্ডে তিনি যেন আরও সক্রিয়। পদ খুইয়েই খোদ জেলা পার্টি অফিসে করেছিলেন বৈঠক। আর তার পরেই শহরের চৌপথিতে চারদিন ধরে করলেন অনশন। আর বুধবার একেবারে শ্রমিকদের সঙ্গে নেমে পড়লেন বড় নর্দমার আবর্জনা সাফাই করতে। কেউ কেউ শান্তনুর এমন কাজকে প্রশংসা করেছেন। আবার অনেকে লোক দেখানো প্রচার বলে কটাক্ষও করেছেন।

যদিও কংগ্রেস নেতা তথা পুরসভার ২০ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার শান্তনুর দাবি, 'সারাবছর মানুষের জন্যই কাজ করি। হাসপাতালের একাধিক দাবি নিয়ে ছিল অনশন। আর এদিন পুরসভার সাফাইকর্মীরা বেতন পাচ্ছেন না। আমি তাঁদের দুঃখে সমব্যথী হতেই এদিন নর্দমায় নেমে আবর্জনা সাফাইয়ের কাজে হাত লাগাই। আমার এই সামাজিক কাজগুলিকে যে যা বলার বলুক। দলের স্বার্থে এভাবেই মানুষের দাবি নিয়ে আন্দোলন করব।'

জেলা কংগ্রেসের সভাপতির পদ থেকে গত কয়েক মাস আগে রিজাইন দিয়েছিলেন মণিকুমার দার্নাল। ওই সময় থেকেই জেলা কংগ্রেসের সভাপতির পদ সামলাচ্ছিলেন শান্তনু। সভাপতির চেয়ারে বসে জেলাজুড়ে বেশকিছু আন্দোলন সংগঠিত করেছিলেন। এমনকি গত পঞ্চায়েত ভোটেও দলে তাঁর গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। তবে সভাপতি পদে বসলেও দলের ভেতর গোষ্ঠীকোন্দল তিনি আটকাতে পারেননি। আর তার ফলেই সম্প্রতি মৃন্ময় সরকার জেলা কংগ্রেসের নতুন সভাপতি হয়েছেন। কিন্তু তারপরেও অবশ্য শান্তনু দমে যাওয়ার পাত্র নন বলেই তিনি জানিয়েছেন। তাই জেলা সভাপতির পদ খুইয়েও হাসপাতাল নিয়ে অনশন শুরু করেন।

এদিকে জেলা হাসপাতাল নিয়ে চারদিনের আন্দোলন মঙ্গলবার শেষ হয়েছে। এই আন্দোলন শেষ হতেই এবার বুধবার তিনি পুরসভার নর্দমা পরিষ্কারের কাজে যুক্ত শ্রমিকদের স্বার্থে আন্দোলন করলেন। এদিন বিজি রোড থেকে নেতাজি রোড যাওয়ার পথে খালে নেমে পড়েন শান্তনু। শ্রমিকদের সঙ্গে আবর্জনা পরিষ্কার করেন। শহরের এক শান্তনু ঘনিষ্ঠ কংগ্রেস কর্মী জানালেন, শহরে কংগ্রেসের একমাত্র মুখ হচ্ছেন শান্তনু দেবনাথ। তিনি সারাবছর মানুষের কাজ করেন। তাই পুরসভায় একমাত্র কংগ্রেসের টিকিটে জয়ী তিনিই হয়েছেন। যদিও নাম প্রকাশে অনিচ্ছুক এক কংগ্রেস নেতা বলেন, 'শান্তনু যেসব আন্দোলন করছেন তার কোনওটাতেই দলের অনুমতি নেই। অথচ নিজে প্রচার ও ফোকাস পেতেই লোক দেখানো আন্দোলন করছেন।'



*নর্দমার আবর্জনা সাফাই করছেন শান্তনু দেবনাথ। বুধবার।*

# ফালাকাটায় চালু হয়নি অনলাইনে কর পরিষেবা

**ভাস্কর শর্মা**

**ফালাকাটা, ২৭ অগাস্ট :** সাড়ে তিন বছর হয়ে গেল ফালাকাটা পুরসভা হয়েছে। পুরসভা হওয়ার পর বেশ কিছু নতুন পরিষেবা চালুর কথা ছিল। কিন্তু এখনও পর্যন্ত অনলাইনে সম্পত্তি কর আদায়ের পরিষেবা চালু করতে পারেনি পুর কর্তৃপক্ষ। ফলে সাধারণ মানুষের মধ্যে ক্ষোভ তৈরি হয়েছে। অনলাইনে সম্পত্তি কর আদায় চালু না হওয়ায় নিজস্ব আয়ও বাড়ছে না পুরসভার। ফালাকাটা পুরসভার চেয়ারম্যান প্রদীপ মুহুরি বলেন, 'কিছু প্রযুক্তিগত সমস্যার কারণে আমরা এখনও অনলাইনে সম্পত্তি কর চালু করতে পারিনি। আমরা প্রায় সাড়ে ১৩ হাজার বাড়িতে হোল্ডিং নম্বর দিয়েছি। রাজ্য থেকে যেভাবে নির্দেশ আসবে, সেভাবেই আমরা কাজ করব।'

ফালাকাটা গ্রাম পঞ্চায়েত এলাকা থাকার সময় প্রতিটি বাড়ির একটি করে হোল্ডিং নম্বর ছিল। সেই হোল্ডিং নম্বরের পরিপ্রেক্ষিতে বাড়ির মালিকরা গ্রাম পঞ্চায়েতকে কর দিতেন। যদিও সেই করের পরিমাণ ছিল খুবই সামান্য। এরমধ্যে প্রায় সাড়ে ৩ বছর আগে ফালাকাটা ১ নম্বর গ্রাম পঞ্চায়েত, পারঙ্গেরপার, ফালাকাটা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের কিছু অংশ এবং গুয়াবরনগর গ্রাম পঞ্চায়েতের একটি অংশ নিয়ে ফালাকাটা পুরসভা গঠিত হয়। পুরসভার মোট ১৮টি ওয়ার্ডে জনসংখ্যা প্রায় ৬৮,৭৪৫ জন। পরিবার আছে প্রায় ১৩ হাজার ৫০২টি।

পুর বোর্ড গঠনের পর কর নির্ধারণ করে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড। এর জন্য পুরসভার তরফে বাড়ি বাড়ি সমীক্ষা করে রিপোর্ট জমা দেওয়া হয়। তার পরিপ্রেক্ষিতেই সম্পত্তি কর ঠিক হয়। কিন্তু ওই কাজ এখনও ফালাকাটা পুরসভায় শুরুই হয়নি। তাই অনলাইন তো দূরের কথা, ঠিকমতো অফলাইনেও সম্পত্তি কর দিতে পারছেন না নাগরিকরা। এর ফলে পুরসভার নিজস্ব আয় কম হচ্ছে।



### সমস্যা যেখানে

- অনলাইনে সম্পত্তি কর না মেলায় আয় বাড়ছে না ফালাকাটা পুরসভার
- পুরসভার তরফে বাড়ি বাড়ি সমীক্ষা করে রিপোর্ট দেওয়ার কাজ হয়নি
- অফলাইনেও সম্পত্তি কর আদায়ে সমস্যা

শহরের বাসিন্দা ইন্দ্রজিৎ রায়ের কথায়, 'পুর নাগরিক হয়েও এখনও আমাদের কোনও কর দিতে হচ্ছে না। তবে আমরা দিতে চাই। পুরসভাই সে কাজ শুরু করেনি।' শহরের আরেক বাসিন্দা রামকৃষ্ণ সাহার মতে, 'ফালাকাটায় পুরসভা হয়েছে ঠিকই। কিন্তু এর সুফল তো সাড়ে তিন বছরে পেলাম না। গ্রাম পঞ্চায়েত থাকাকালীন নিয়মিত কর দিতাম। এখন পুরসভা হঠাৎ করে যদি আকাশকুসুম কর চেয়ে বসে, সেটা তো দেওয়া সম্ভব হবে না।'

# সকলের স্মৃতিতে এখনও টাটকা 'জলের দুর্গাপুজো'

এল এল পুজো এল

জলে মাছ থাকতে পারে, থাকতে পারে নানান জলজ প্রাণী-উদ্ভিদ। থাকতে পারে নৌকো, জাহাজ, স্টিমার সহ আরও নানান জিনিস। কিন্তু জলের মধ্যে আস্ত একটা দুর্গাপুজোর প্যান্ডেল! এটাও সম্ভব? এটা শুনতে অত্যন্ত আশ্চর্য হলেও জিনিসটাকে বাস্তব করেছিল পুলপাড় দুর্গাপুজো কমিটি, তাও একেবারে টানা আটবার। কিন্তু নদী আপন রূপ হারিয়ে ফেলায় সেইসবই আজ অতীত। স্মৃতিচারণ করলেন পিকাই দেবনাথ।

**কামাখ্যাগুড়ি, ২৭ অগাস্ট :** 'বনে থাকে বাঘ/ গাছে থাকে পাখী/ জলে থাকে মাছ' সেই সহজ পাঠ পড়ার সময় থেকে এতেই তো আমরা অভ্যস্ত। কিন্তু 'জলে হয় দুর্গাপুজো' এমন কথা শুনলে বা পড়লে যে কারও চোখ কপালে ওঠা স্বাভাবিক। তবে শুনতে কার্যত এই অসম্ভব জিনিসটাকেই সম্ভবে পরিণত করেছিল পুলপাড় দুর্গাপুজো কমিটি, যাদের পুজোর অন্যতম আকর্ষণ ছিল নদীর মাঝে দুর্গাপুজো। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে নদী তার আপন রূপ হারিয়েছে, ক্রমশ সংকীর্ণ হয়ে গিয়েছে। যে মরা রায়ডাকে শরৎকালেও জলের প্রবহমানতা বজায় থাকত, বর্তমানে সেখানে জলের গভীরতা নেই বললেই চলে। ফলাফল, এখন আর নদীতে পুজো হয় না। তবুও সেই নদীর জলে প্যান্ডেলের স্মৃতি আজও সকলের মনে টাটকা। এই বছর এই পুজোর ৪৯ বছর।

এলাকার বাসিন্দা প্রয়াত সুষেণ দেবনাথ, প্রয়াত শিক্ষক নরেশ সরকার, প্রয়াত নিখিল লস্কর ও এলাকার বিশিষ্ট ব্যক্তি প্রাক্তন শিক্ষক কমল সরকার প্রমুখ মিলে প্রথম পাটকাঠির বেড়া ও ছনের ছাউনি দিয়ে প্যান্ডেল বানিয়ে এই পুজো শুরু করেছিলেন। পরবর্তীতে সেই পুজোর বহর ধীরে ধীরে বাড়তে থাকে। এলাকার বাসিন্দা জয়দেব পাল জানান, এলাকার সমস্ত তরুণ মিলে পুজোর আগে আশপাশের গ্রাম থেকে বাঁশ নিয়ে এসে সেই দিয়েই প্যান্ডেলের কাজ করতেন। পরবর্তীতে সেই তরুণরাই সিদ্ধান্ত নেন জলের মাঝে প্যান্ডেল করে পুজো করা হবে। ওইভাবে মোট আটবার পুজো হয়েছিল। শেষবার ২০০১ সালে জলের মাঝে প্যান্ডেল করে দুর্গাপুজো হয়েছিল।



*এখানেই জলের উপর তৈরি করা হয় পুলপাড় দুর্গাপুজো কমিটির মণ্ডপ। -সংবাদচিত্র*

সেবছর পুলপাড় দুর্গাপুজো কমিটির রজত জয়ন্তী ছিল। সেই পুজোর চন্দননগরের আলোকসজ্জা আজও সাধারণের মনে গেঁথে রয়েছে। যেমন, স্থানীয় বাসিন্দা ছোট্টু দে সরকারের। তাঁর কথায়, 'ছোটবেলায় এই জলের পুজো দেখার জন্য সারাবছর মুখিয়ে থাকতাম। জলের মধ্যে প্যান্ডেল দু'পাশে দুটো ব্রিজ ছিল। প্রথমে কিছুটা ভয় লাগলেও পুজোর ওই ক'টা দিন সেই ব্রিজ পেরিয়ে অন্তত্পক্ষে ২৫-৩০ বার মণ্ডপে যেতাম, আসতাম। ওই যাওয়া-আসাটাই আমাদের কাছে এক বিশেষ খেলা ছিল।'

### অতীতের কথা

- এলাকার সমস্ত তরুণ মিলে পুজোর আগে আশপাশের গ্রাম থেকে বাঁশ নিয়ে আসতেন
- সেই দিয়েই প্যান্ডেলের কাজ করতেন
- সেই তরুণরাই সিদ্ধান্ত নেন, জলের মাঝে প্যান্ডেল করে পুজো করা হবে
- ওইভাবে মোট আটবার পুজো হয়েছিল
- শেষবার ২০০১ সালে জলের মাঝে প্যান্ডেল করে দুর্গাপুজো হয়েছিল

পুলপাড়ের এই পুজোর অভিনবত্বের কথা আজও আলিপুরদুয়ার জেলা তো বটেই এমনকি পার্শ্ববর্তী কোচবিহার জেলাতেও মানুষের মুখে মুখে ঘুরে বেড়ায়। এই পুজো কমিটির প্রাক্তন কর্মকর্তা প্রাণতোষ পণ্ডিত জানান, এই পুজোকে ঘিরে তাঁদের সকলের অতীতের স্মৃতি জড়িয়ে রয়েছে। কার্যত একই কথা শোনা যায় পুজোর কর্মকর্তা নারায়ণ তালুকদারের গলাতেও। তিনি এই পুজোর সঙ্গে দীর্ঘ প্রায় ৪০ বছর ধরে জড়িত। অন্যদিকে, স্থানীয় বাসিন্দা রামকৃষ্ণ দেবনাথের কথায়, 'এই পুজোয় আমাদের সময়কার অন্যতম অভিনবত্ব ছিল জলের মধ্যে মণ্ডপ। সেই মণ্ডপে যাতায়াতের জন্য ব্রিজ থাকত। এই জলের পুজোকে কেন্দ্র করে আমাদের সারাবছরের অনেক পরিকল্পনা, চিন্তাভাবনা চলত।'

বর্তমান পুজো কমিটির সভাপতি মনোনীত হয়েছেন বিট্টু দে সরকার ও সম্পাদক মনোনীত হয়েছেন সন্তু দে। বিট্টু জানান, এবছরের পুজোর বাজেট তিন লক্ষ টাকা। তাঁরা প্রতিবছরই পুজোয় অষ্টমী, নবমীর দিন খিচুড়ি প্রসাদের আয়োজন করেন। অন্তত্পক্ষে ১০ হাজার মানুষের মধ্যে প্রসাদ বিতরণ করা হয়। এই বছরও তার ব্যতিক্রম হবে না। পুজোর সকল কর্মকর্তা থেকে শুরু করে এলাকার সাধারণ মানুষের সহযোগিতায় এবারও পুজো সুষ্ঠুভাবে সম্পন্ন হবে বলে তাঁর বিশ্বাস।

